



স্পিকারকে বিয়ের নিমন্ত্রণ জানালেন সাদিক কায়েম



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ—এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ডাকসুর ভিপি সাদিক কায়েম। এ সময় তিনি স্পিকারকে নিজের বিয়ের আমন্ত্রণপত্র তুলে দেন।

মঙ্গলবার (১২ মে) রাতে সাদিক কায়েমের ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে এ তথ্য জানানো হয়। পোস্টে উল্লেখ করা হয়, ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে সাদিক কায়েম বিয়ের দাওয়াত পৌঁছে দেন।

সাক্ষাৎকালে স্পিকার তার নতুন জীবনের জন্য শুভকামনা ও দোয়া জানান। একই সঙ্গে ডাকসুর বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করে সন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে ডাকসু দেশের তরুণদের জন্য অনুকরণীয় প্রতিষ্ঠানে পরিণত হবে বলেও আশা ব্যক্ত করেন।

LENS ASIA